34

ভোরের কাগজ

তারিখ ... 02 MAR 1998 ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ......

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষার ফর্ম বিতরণ ২২ মার্চ থেকে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষার ফরম আগামী ২২ মার্চ থেকে বিতরণ শুরু হবে। ২ মে থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে বলে জানা গেছে। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত জেনারেল এডমিশন কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সভা সূত্র জানায়, এবার ভর্তি পরীক্ষার ফরমের মূল্য ১৫০ টাকার স্থলে ২০০ টাকা করা হয়েছে। কয়েকটি বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে এই ফরম বিতরণ করা হবে। আগামী ২২ মার্চ থেকে ২৩ এপ্রিল পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংক থেকে এই ফরম সংগ্রহ করা যাবে। এবারো মালটিপল চয়েস পদ্ধতিতে প্রশ্ন করা হবে। প্রথমবারের মতো এবার প্রত্যেক অনুষদের জন্য তিন সেট প্রশ্নপত্র প্রণয়ন করা হবে, যাতে পরপর তিনজন পরীক্ষার্থী তিন ধরনের প্রশ্নপত্র পায়। এছাড়াও প্রথমবারের মতো এবার কম্পিউটারে ভর্তি পরীক্ষার খাতা দেখা হবে বলে সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভা সূত্র মতে, আগামী ২ মে বিজনেস স্টাডিজ অনুষদের (গ ইউনিট), ৯ মে কলা অনুষদের (খ ইউনিট), ১৬ মে বিজ্ঞান অনুষদের (ক ইউনিট) এবং ২৩ মে বিভাগ পরিবর্তনকারী (ঘ ইউনিট) ছাত্রছাত্রীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদনের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কলা অনুষদ ১১শ' নম্বর বাণিজ্য অনুষদ ১১শ' নম্বর এবং বিজ্ঞান অনুষদের জন্য ১৩শ' নম্বর থাকতে হবে।